সুদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত প্রগতিশীল

**দিনাজপুর ব্যাঙ্ক লিঃ**

সিডিউল্ড ব্যাঙ্ক — (ক্লিয়ারিং সুবিধাযুক্ত)

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান

জঙ্গিপুর, হেড অফিস—দিনাজপুর

সেন্ট্রাল অফিস—১১ ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ—জলপাইগুড়ি, পার্ব্বতীপুর, ভবানীপুর (কলিকাতা), রায়গঞ্জ, রাজসাহী, আলীপুর ডুয়ার, রামপুরহাট। কর্ণওয়ালিস ষ্ট্রীট (কলিকাতা), গাইবান্ধা ও দুবরাজপুর শাখা শীঘ্রই খোলা হইবে।

ম্যানেজিং ডিরেক্টর—রায় সাহেব যতীন্দ্রমোহন সেন

Ex. M. L. C.



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত

**পক্ষাঘাতের তৈল ঔষধ**

এক মাস ব্যবহারোপযোগী তৈল ঔষধের
মূল্য ১৬৲ ষোল টাকা

চ্যবনপ্রাশ /১ সের ১০৲ মকরধ্বজ ১ তোলা ৬৲

দশভুজা ঔষধালয়

মেডিকেল ডিপ্লোমাপ্রাপ্ত ও গভর্ণমেণ্ট রেজিষ্ট্রীকৃত

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন

(প্রেসিডেণ্ট ইউনিয়ন বোর্ড, ভূতপূর্ব্ব চেয়ারম্যান ডি, এস, বোর্ড)

মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)



৩৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২৯শে মাঘ বুধবার ১৩৫৩ ইংরাজী 12th Feb. 1947 { ৩৮শ সংখ্যা



আপনার

**কম খরচার খাজাঞ্চী**

# ঢাকুরিয়া ব্যাঙ্কিং

**করপোরেশন লিমিটেড**

হেড অফিস

২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ফোনঃ কলিকাতা ১৭৪৪ টেলিগ্রামঃ ষ্ট্রংরুম

**শাখাসমূহ**

ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, (এস, পি), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ (মুর্শিদাবাদ), সোনারপুর।

ম্যানেজিং ডিরেক্টার

ডি, এন, চ্যাটার্জি এফ, আর, ই, এস (লণ্ডন)



## ব্যয় নহে—সঞ্চয়

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

**নূতন বীমা—১৯৪৫**
**১২ কোটী টাকার উপর**

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংসঃ কলিকাতা

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৯শে মাঘ বুধবার সন ১৩৫৩ সাল

## ম্যাজিষ্ট্রেট সাহেব বাহাদুরের শুভাগমন

মুর্শিদাবাদের জনপ্রিয় জেলা ম্যাজিষ্ট্রেট মিঃ বি, জি, রাও, আই-সি-এস মহোদয় বিভাগীয় অফিসাদি পরিদর্শন জন্য জঙ্গিপুর শুভাগমন করিয়াছিলেন।

---

## ভারতে কোকো ও চকোলেট শিল্পের সংরক্ষণ

—:০:—

### গভর্ণমেন্টের সিদ্ধান্ত

এক সরকারী ইস্তাহারে প্রকাশ, ভারতে কোকো ও চকোলেট তৈয়ার শিল্পের সংরক্ষণ সম্পর্কে ট্যারিফ বোর্ডের সুপারিশ অনুসারে ভারত গভর্ণমেন্ট অন্ততঃ তিন বৎসরের জন্য ঐ সকল শিল্পের উপর শতকরা ৩০ ভাগ মূল্যানুযায়ী শুল্ক আদায়ের সিদ্ধান্ত করিয়াছেন। ১৯৪১ সালের ভারত-ব্রহ্ম বাণিজ্য-চুক্তি অনুসারে ব্রহ্ম হইতে আমদানি ঐ সকল মালের উপর হইতে শুল্ক স্থাপনের বিশেষ হার তুলিয়া দেওয়া হইবে না। বিদেশ হইতে আমদানী ঐ সকল শিল্পের যন্ত্রপাতির উপর আদায়ীকৃত শুল্কের প্রত্যার্পণের সুপারিশ ছাড়া ট্যারিফ বোর্ডের অন্যান্য সুপারিশ ভারত গভর্ণমেন্ট গ্রহণ করিয়াছেন। আদায়ীকৃত শুল্ক ফেরৎ দেওয়ার প্রস্তাবটি গভর্ণমেন্ট এখন বিচার করিয়া দেখিতেছেন।

---

## বিমান দুর্ঘটনায় বাঙলার বিশিষ্ট বৈমানিকের মৃত্যু

৯ই ফেব্রুয়ারী বেলা ১২টায় কলিকাতা হইতে ৭৫ মাইল দক্ষিণে ঘাটার নিকটে সমুদ্রোপকূলে বাঙ্গালা ফ্লাইং ক্লাবের বহু পুরাতন সদস্য মিঃ বি, ডি, মুখার্জী নিজ হারভাড বিমানে ভ্রমণকালে দুর্ঘটনায় পতিত হইয়া নিহত হইয়াছেন। পাইলট ইন্সপেক্টর মিঃ চৌটন্বর এবং সরকারী ইন্সপেক্টর ( ইষ্টার্ণ এরিয়া ) মিঃ বেয়াস তথায় তদন্ত করিতে গিয়াছেন। এইরূপ জানা গিয়াছে যে, শ্রীযুক্ত মুখার্জী বিমানে সকাল বেলা কলিকাতা হইতে কাঁথি মহকুমায় জনৈক বন্ধুর সহিত দেখা করিতে গিয়াছিলেন। সেখান হইতে বিদায় লইয়া সমুদ্রোপকূলে বিমানারোহণ করিবার সময় এই দুর্ঘটনা ঘটে। স্থান পরিসরের স্বল্পতার জন্য তাঁহার বিমানখানি কাৎ হইয়া উল্টাইয়া যায় তাঁহার যে সকল বন্ধুবান্ধব সেখানে উপস্থিত ছিলেন, তাঁহারা দৌড়াইয়া যান এবং তাঁহাকে টানিয়া বাহির করেন। তাঁহার সাঙ্ঘাতিক আঘাত লাগিয়াছিল এবং কোনরূপ চিকিৎসা ব্যবস্থা করিবার পূর্ব্বেই তিনি মৃত্যুমুখে পতিত হন। বিমানে করিয়া তাঁহার দেহ কলিকাতায় আনা হয়।

শ্রীযুক্ত মুখার্জী প্রাতঃস্মরণীয় ভূদেব মুখোপাধ্যায়ের পৌত্র ছিলেন এবং ১৯১০ সাল হইতে বিমান চালনা করিয়া আসিতেছেন।

---

## আয়ুর্ব্বেদ ঔষধালয়

কলিকাতা অষ্টাঙ্গ আয়ুর্ব্বেদ কলেজ হইতে উত্তীর্ণ ও ডিপ্লোমাপ্রাপ্ত কবিরাজ শ্রীমান্ সুধীরকুমার সরকার ভিষগ্‌রত্ন, এল, এ, এম, এস, আধুনিক বৈজ্ঞানিক উন্নত প্রণালীতে চিকিৎসার জন্য ধুলিয়ানে "সরকার আদার্শ আয়ুর্ব্বেদ ভবন" নামে একটা চিকিৎসা কেন্দ্র খুলিয়াছেন। এখানে আয়ুর্ব্বেদ কলেজের শিক্ষানুযায়ী "ইন্‌জেক্‌সন্," "অপারেশন্" ইত্যাদি সুষ্ঠুভাবে সম্পাদিত হয়। বিশুদ্ধভাবে প্রস্তুত যাবতীয় তৈল, অরিষ্ট, আসব মোদক, চ্যবনপ্রাশ প্রভৃতিও বিক্রয়ার্থ সর্ব্বদা মজুত থাকে। আমরা এই ঔষধালয়ের উন্নতি কামনা করি।

---

## ম্যাজিষ্ট্রেট সাহেবের পরিদর্শন

গত ৫ই ফেব্রুয়ারী তারিখে মিঃ বি, জি, রাও, আই-সি-এস, ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট্ মহোদয় রঘুনাথগঞ্জ উচ্চ ইংরাজী বিদ্যালয় পরিদর্শন করেন। সমস্ত দেখিয়া শুনিয়া তিনি বিশেষ সন্তোষ প্রকাশ করেন। তাঁহার লিখিত মন্তব্য হইতে একটি অংশ নিম্নে উদ্ধৃত হইল :—

I visited this school to-day with great pleasure. The demand for a high school for boys on this side of the river is genuinely indicated by the size of the number of boys on the roll. The enthusiasm of the members of the local committee is indomitable.

---

## চোরাবাজারের দায়ে ইন্সপেক্টর দল

### ৩০জন মাঝিও গ্রেপ্তার

বেগুসরাই সংবাদ,—প্রায় ১৫০০ মণ কয়লা, ২০০ মণ গম, এবং ১০০ মণ চাউল স্থানীয় ইন্সপেক্টর বি, নন্দলাল সিং, সাব-ইন্সপেক্টর মহম্মদ মুস্তাক আমেদ ও সাব-ইন্সপেক্টর সুরজবংশী প্রসাদের নিকট পাওয়া গিয়াছে। এই সম্পর্কে প্রায় ৩০জন মাঝিকে গ্রেপ্তার করা হইয়াছে।

---

## মেহেরপুরে বাঘের উপদ্রব

মেহেরপুর সহরে এবং মেহেরপুর মহকুমার অন্তর্গত বিভিন্ন স্থানে বাঘের উপদ্রব হইয়াছে। খাস মেহেরপুরে এক রাখাল বালক গরু চরাইবার সময় বৈকাল বেলা একটি ব্যাঘ্র কর্ত্তৃক আক্রান্ত হয়। ব্যাঘ্র বালকটিকে ক্ষতবিক্ষত করে। বালকটীর অবস্থা আশঙ্কাজনক।

## Programme.

A revised programme for holding the General Election of the Murshidabad District Board in respect of part II of the Rules for Direct Election to District Boards.

Part II.

1. Notification under rule 44 (part II calling upon the constituencies to Elect members to fill non-reserved and reserved seats — 13. 2. 1947
2. Date on or before which nominations are to be made. — 25. 2. 1947
3. Date on which scrutiny for nominations is to be held. — 3. 3. 1947
4. Date on or before which candidature may be withdrawn. — 6. 3. 1947
5. Date of publication of final list of candidates. — 6. 3 1947
6. Date when general election will be held and hours of election. — 8th and 10th April, 1947

Local time—10. 30 a. m. to 5 p. m.

Sd/. Illegible
for District Magistrate, Murshidabad.

---

## বার্লিনের নাচঘরে অগ্নিকাণ্ড

**৫০ হইতে ৭০ জন জীবন্ত দগ্ধ**

সংবাদ পত্রে প্রকাশ,—বৃটিশ নিয়ন্ত্রিত বার্লিনের উত্তর-পশ্চিম উপকণ্ঠ স্পাণ্ডাউয়ে একটি জনাকীর্ণ নাচঘরে এক অগ্নিকাণ্ডের ফলে ৫০ হইতে ৭০ জন লোক জীবন্ত দগ্ধ হইয়াছে। জনৈক প্রত্যক্ষদর্শীর নিকট হইতে জানা গিয়াছে যে, ১৫ মিনিটের মধ্যেই সমস্ত স্থানটি ভস্মীভূত হইয়া গিয়াছে।

---

## পাশাপাশি

হেথা অশ্রুর পাশে জেগে রয় হাসি
আলোকের পাশে ছায়া,
হেথা জরার পাশেতে যৌবন জাগে
বিছায়ে নবীন মায়া।
হেথা সৌধের পাশে জেগে রয় ক্ষীণ
দীনের কুটীর খানি,
হেথা দীরঘ শ্বাসের পাশে রয় জেগে
গভীর হরষ বাণী।
হেথা তপ্ত কঠিন পাষাণ ভেদিয়া
ঝ'রে পড়ে বারি ধারা,
হেথা নীরস মরুর চরণের পরে
তটিনী আপন হারা।
হেথা হতাশার সাথে জেগে রয় আশা
লুপ্ত কামনা-সাথে,
হেথা মিলনের রাগ সঞ্চিত রহে
বঞ্চিত আঁখি-পাতে।

---

## নোটিশ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যায় যে আগামী ১৯৪৭ সালের মার্চ্চ তারিখে বেলা ২টার সময় বহরমপুর কোর্ট মালখানার বাজেয়াপ্ত বন্দুক ও গুলি বারুদ ইত্যাদি প্রকাশ্য নিলামে বিক্রয় করা হইবে। ইতি—

Sd/. B. Ghosal.
ম্যাজিষ্ট্রেট ইন্ চার্জ্জ, বহরমপুর

---

## নোটিশ

জেলা মুর্শিদাবাদ, থানা সাগরদিঘি অন্তর্গত বেলোড়িয়া গ্রাম নিবাসী শ্রীযুক্ত সুকুমার দত্ত মহাশয় আমার ষ্টেটের আমমোক্তার ছিলেন। এখন তাহা নিষ্প্রয়োজন জ্ঞানে তাঁহার বরাবর রেজিষ্টারী নোটিশ দ্বারা ১১।২।৪৭ তারিখে খারিজ করিয়া দিয়াছি। সর্ব্ব-সাধারণকে জানাইতেছি যে তিনি আমার ষ্টেট সংক্রান্ত কোনও কার্য্য আমমোক্তার হিসাবে করিলে আমি তাহাতে বাধ্য থাকিব না। প্রকাশ আমি তাঁহার কার্য্য আমলে আনন্দিত হইয়াছি এবং সকল দায় হইতে মুক্তি দিয়াছি। ইতি—তাং ১২।২।১৯৪৭

শ্রীঅচলাবালা দেবী

---


# মেপাক্রিন
## ম্যালেরিয়া নির্ম্মূল করে




ডাক্তারখানায় ও ব্যাঙ্ক পোষ্টাপিসে পাইবেন।
বাংলা সরকারের প্রচার বিভাগ কর্তৃক প্রচারিত

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।• আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵• আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১• আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।


ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৷• টাকা। নগদ মূল্য ৴• এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।




সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে

দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত